

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১২৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০

০৭ মার্চ ২০২৪

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১৬০৭৫/২০২৩, ১৩০২৯/২০২৩, ৫৯৫৯/২০২৩, ১৪৭১৯/২০২৩ এবং ১৩২৫৩/২০২৩) মামলা পরিচালনা।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ এমপিওভুক্তকরণ/নিয়োগ বাতিলকরণ/বকেয়া বেতন-ভাতা প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১	১৬০৭৫/২০২৩	জনাব আকলিমা আক্তার, সিনিয়র শিক্ষক, শের-ই-বাংলা বালিকা মহাবিদ্যালয়, হাটখোলা, টিকাটুলি এবং গং-দের নিয়োগ বাতিলকরণ সংক্রান্ত।	জনাব আকলিমা আক্তার, সিনিয়র শিক্ষক, শের-ই-বাংলা বালিকা মহাবিদ্যালয়, হাটখোলা, টিকাটুলি এবং গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৬(ছয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	১৩০২৯/২০২৩	জনাব ইসতিয়াক আহমেদ, অধ্যক্ষ, জামেনা-রওশন আরা মহিলা কলেজ, কালীগঞ্জ, লালমনিরহাট এবং গং-দের এমপিও সংক্রান্ত।	জনাব ইসতিয়াক আহমেদ, অধ্যক্ষ, জামেনা-রওশন আরা মহিলা কলেজ, কালীগঞ্জ, লালমনিরহাট এবং গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৯(নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩	৫৯৫৯/২০২৩	শাহজাদপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ-এর প্রধান শিক্ষক পদে নিয়োগ এবং প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় শাস্তির ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।	জনাব মোঃ ইসা আকতার, সাবেক সদস্য, ম্যানেজিং কমিটি, শাহজাদপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৯(নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৪	১৪৭১৯/২০২৩	মরহুম রফিকুল ইসলাম, সাবেক প্রধান শিক্ষক, বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, ভালুকা, ময়মনসিংহ এর বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।	মোসা: জেসমিন আখতার, স্বামী: মরহুম রফিকুল ইসলাম, সাবেক প্রধান শিক্ষক, বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, ভালুকা, ময়মনসিংহ এবং গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৮ (আট) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫	১৩২৫৩/২০২৩	মোসা: মুর্তজা আক্তার, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), নাথারগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম এবং গং-দের এমপিও প্রদান সংক্রান্ত।	মোসা: মুর্তজা আক্তার, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), নাথারগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম এবং গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৯(নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৬০৭৫/২০২৩, ১৩০২৯/২০২৩, ৫৯৫৯/২০২৩, ১৪৭১৯/২০২৩ এবং ১৩২৫৩/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৮-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১২৩/১(৩)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০

০৭ মার্চ ২০২৪

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৮-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব